

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২২৮

সোনামুড়া, ২০ ডিসেম্বর, ২০২৪

সোনামুড়া মহকুমায় সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা

সোনামুড়া মহকুমায় গতকাল থেকে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় কর্মসূচির সূচনা হয়েছে। কাঁঠালিয়া মোটরস্ট্যাভে এক অনুষ্ঠানে বিধায়ক বিন্দু দেবনাথ এই কর্মসূচির উদ্বোধন করেন। কাঁঠালিয়া মোটরস্ট্যাভে আগামী ২৩ ডিসেম্বর পর্যন্ত কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা হবে। এবার প্রতি কেজি ধান ২৩ টাকা দরে কৃষকদের কাছ থেকে ক্রয় করা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাপতি পিন্টু আইচ, কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মিঠু রাণী দাস, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মহেন্দ্র কাশে চাকমা এবং কৃষি ও খাদ্য দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*